

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৩৬৭৬/২০১০ এর আদেশের প্রেক্ষিতে বুড়িগঙ্গা নদী দূষণ রোধে ঢাকা মহানগরের শ্যামপুর কদমতলী শিল্প এলাকায় অভিযান চালিয়ে ১৮ কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানার কার্যক্রম বন্ধ করে দিয়েছে পরিবেশ অধিদপ্তর।

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৩৬৭৬/২০১০ এর আদেশের প্রেক্ষিতে বুড়িগঙ্গা নদী দূষণ রোধে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী এর নেতৃত্বে আজ ২৫/১১/২০১৯ তারিখ ঢাকা মহানগরের শ্যামপুর কদমতলী শিল্প এলাকায় অবস্থিত অবৈধভাবে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বিহীন বস্ত্র ওয়াশিং ও ডাইং কারখানার বিরুদ্ধে এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করা হয়। এছাড়াও উক্ত অভিযানে পরিবেশ অধিদপ্তর, ঢাকা মহানগর কার্যালয়ের পরিচালক ড. সোহরাব আলী উপস্থিত ছিলেন। উক্ত অভিযানে মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ মাকসুদুল ইসলাম ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ সহ এনফোর্সমেন্ট উইং এর কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং পরিবেশ অধিদপ্তর, মহানগর কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এছাড়া আইন শৃঙ্খলা রক্ষায় ডিএমপি'র রিজার্ভ পুলিশ ফোর্স ও র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)।

পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টিম ও ঢাকা মহানগরের যৌথ অভিযানে শ্যামপুর কদমতলী শিল্প এলাকায় পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বিহীন ডাইং ও ওয়াশিং কারখানা, ইলেক্ট্রপ্রেটিং ও মোন্ডিংসহ নানা ধরনের তরল বর্জ্য সৃষ্টি হয় এমন কার্যক্রম পরিচালনা করা হতো। ইতোপূর্বে পরিবেশ অধিদপ্তর হতে নোটিশ প্রদান করা হলেও কারখানাগুলোর মালিক পক্ষ দূষণ নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা গ্রহণ করেননি বা ইটিপি নির্মাণ করার জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেনি। এর ফলে এসব ওয়াশিং ও ডাইং কারখানার তরল বর্জ্য দ্বারা বুড়িগঙ্গা নদীর পানি ব্যবহারের অযোগ্য করে তুলেছে। ফলশ্রুতিতে আজ ২৫/১১/২০১৯ তারিখ অভিযান চালিয়ে সর্বমোট ১৮ টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

কারখানাসমূহের মধ্যে - (১) এ মজিদ এন্ড সন্স ডাইং; (২) কদমতলী ডাইং এন্ড প্রিন্টিং; (৩) মাসুদ টেক্সটাইল; (৪) জেদ্দা ডাইং; (৫) সোনিয়া ডাইং এন্ড প্রিন্টিং; (৬) আজিজ মেটাল; (৭) আলিফ মেটাল; (৮) মেসার্স অগ্রণী মোন্ডিং; (৯) এডেক্স কর্পোরেশন (অরবিট মেটাল ইন্ডাস্ট্রি); (১০) মেসার্স খান রেডিমিক্স; (১১) মতলব আয়রন; (১২) এস এস ইলেক্ট্রপ্রেটিং ওয়ার্কস; (১৩) মোহাম্মদীয়া পাইপ; (১৪) পারফেক্ট ওয়ার; (১৫) এম কে ডাইং; (১৬) রাফসান ডাইং; (১৭) মিল্লাত ডাইং ও (১৮) নিউ মিল্লাত মারফ ডাইং নামক কারখানাগুলোর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

তারিখঃ ঢাকা
২৫.১১.২০১৯

স্বাক্ষরিত/-
(ড. আব্দুল্লাহ আল মামুন)
উপপরিচালক
পক্ষে-
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।